

উচ্চমাধ্যমিক শ্রেণির একাডেমিক ক্যালেন্ডার ও

# পাঠ পরিকল্পনা

শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬

# ছাগলনাইয়া সরকারি কলেজ

ছাগলনাইয়া, ফেনী।

www.chhgc.edu.bd



মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ



বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে কুচকাওয়াজ প্রদর্শন ও স্যালুট গ্রহণ

মুদ্রণে : সবুজ আর্ট প্রেস, ফেনী।



মহান বিজয় দিবস-২০২৪ উপলক্ষে কলেজ শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ




৪৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ



“পরিষ্কার দেশ, স্বাস্থ্যকর জীবন”-কলেজ পরিচ্ছনতা অভিযানে শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ



বিএনসিসি ক্যাডেটবৃন্দ



রোভার স্কাউট সদস্যবৃন্দ




রেড ক্রিসেন্ট দলের সচেতনতামূলক ক্যাম্পেইন

CamScanner

# ছাগলনাইয়া সরকারি কলেজ

ছাগলনাইয়া, ফেনী

প্রধান পৃষ্ঠপোষক :

## প্রফেসর টুটুল কান্তি সাহা

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী

## একাদশ ভর্তি ও একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন কমিটি

আহ্বায়ক

**মোঃ নাছির উদ্দীন**

প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী

সদস্য

**মোঃ মঞ্জুরুল হক**

প্রভাষক (উদ্ভিদবিদ্যা), ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী

প্রকাশকাল : জুলাই, ২০২৫





বৃক্ষরোপন কার্যক্রম-২০২৫




বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে আনন্দ শোভাযাত্রা




বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষকবৃন্দ



# অধ্যক্ষের বাণী

"Education is the most powerful weapon which you can use to change the world." – Nelson Mandela

প্রিয় শিক্ষার্থী, অভিভাবক, সম্মানিত শিক্ষকবৃন্দ ও শুভানুধ্যায়ী সকলকে,
প্রীতি ও আন্তরিক শুভেচ্ছা জানাই নতুন শিক্ষাবর্ষ ২০২৫-২৬ উপলক্ষে।

শিক্ষা একটি জাতির আলো, একটি জাতির মেরুদণ্ড। একজন শিক্ষার্থীকে কেবল পাঠ্যবইয়ের গণ্ডিতেই সীমাবদ্ধ রাখা নয়, বরং তাকে একজন সচেতন, মানবিক ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলা আমাদের প্রধান লক্ষ্য।

সম্প্রতি আমাদের চারপাশে ঘটে যাওয়া কিছু ঐতিহাসিক ঘটনা প্রমাণ করেছে, যুব সমাজ, বিশেষত শিক্ষার্থীরা চাইলে পরিবর্তনের ধারাকে নতুন দিকে প্রবাহিত করতে পারে। গণতন্ত্র, ন্যায়ের দাবি ও দেশপ্রেম যখন একত্রে জাগ্রত হয়, তখন শিক্ষার্থীরা কেবল শ্রেণিকক্ষেই নয়, বরং জাতীয় পর্যায়েও আলো ছড়ায়। আমাদের বিশ্বাস, এসব অভিজ্ঞতা শিক্ষার্থীদের মধ্যে দায়িত্ববোধ ও নেতৃত্বের গুণ আরও গভীরভাবে প্রথিত করবে।

একাডেমিক ক্যালেন্ডার আমাদের কলেজজীবনের একটি গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা। এটি সময়ানুবর্তিতা, শৃঙ্খলা ও একাগ্রতার মাধ্যমে শিক্ষার্থীদের সুনির্দিষ্ট পথে পরিচালনা করে। আমরা বিশ্বাস করি, এই ক্যালেন্ডারের যথাযথ অনুসরণে শিক্ষার্থীরা আরও সুসংগঠিত, ফলপ্রসূ ও সৃজনশীল হয়ে উঠবে।

ছাগলনাইয়া সরকারি কলেজ তার শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী ও অভিভাবকদের যৌথ প্রচেষ্টায় ধীরে ধীরে একটি আদর্শ বিদ্যাপীঠে পরিণত হচ্ছে। এই ধারাবাহিকতায় আমরা প্রতিটি শিক্ষাবর্ষকে আরও সফল, সুপরিকল্পিত ও শিক্ষাবান্ধব করে তুলতে সচেষ্ট।

কৃতজ্ঞতা প্রকাশ করছি, এই একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নের ক্ষেত্রে যাঁরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পরিকল্পনা, সমন্বয় ও সহায়তা প্রদান করেছেন। তাঁদের আন্তরিক প্রচেষ্টার জন্য কলেজের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

পরিশেষে, এই শিক্ষাবর্ষ যেন সকলের জন্য মঙ্গলময়, অর্জনে সমৃদ্ধ ও নৈতিকতায় পরিপূর্ণ হয়, এই প্রার্থনায় ইতি টানছি।

**(প্রফেসর টুটুল কান্তি সাহা)**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী।



উচ্চমাধ্যমিক শ্রেণির একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা ২০২৫-২০২৬ সাল
ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী



# সম্পাদকীয়

'শিক্ষার কোন বিকল্প নাই' এ মূলমন্ত্রে উজ্জীবিত ছাগলনাইয়া সরকারি কলেজ অর্ধ-শতাব্দী ধরে এ অঞ্চলের শিক্ষা বিস্তারের মাধ্যমে সুনাগরিক গড়ায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। প্রতিবছর এ কলেজে ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীরা তাদের কলেজ শিক্ষা শেষে উচ্চশিক্ষা গ্রহণ করে নিজের জীবন ও দেশ গড়ার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

মাধ্যমিক পর্যায়ের ফলাফলের ভিত্তিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ছাগলনাইয়া সরকারি কলেজে ভর্তির সুযোগ পাওয়া সকল ছাত্র-ছাত্রীকে জানাই আন্তরিক শুভেচ্ছা। আমরা কামনা করি তোমরা এ কলেজে 'জ্ঞানের জন্য এসো, সেবার জন্য বেরিয়ে যাও।' আগামী দুই বছর তোমাদের পদচারণায় এ কলেজ চত্ত্বর হবে মুখরিত। এ সময়ে তোমাদের জীবনের মজবুত ভিত তৈরির লক্ষ্যে আমাদের থাকবে আন্তরিক প্রচেষ্টা। এ প্রচেষ্টার অংশ হিসেবে 'একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে শিক্ষার্থীরা উচ্চমাধ্যমিক শ্রেণিতে ভর্তি হওয়ার পর কলেজে শ্রেণি কার্যক্রম, সিলেবাস, বিভিন্ন পরীক্ষার সম্ভাব্য সময়সূচি, ইউনির্ফম, বাৎসরিক সরকারি ছুটি, কলেজে পালিত বিভিন্ন অনুষ্ঠান, অভ্যন্তরীণ নিয়ম-শৃঙ্খলাসহ শিক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য সম্পর্কে অবহিত হয়ে নিজেকে গড়ে তোলার মাধ্যমে উচ্চমাধ্যমিক পর্যায়ে সফল হতে সক্ষম হবে।

'একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা' প্রণয়নের মহতী উদ্যোগ গ্রহণ, পৃষ্ঠপোষকতা ও তা বাস্তবায়নের লক্ষ্যে গঠনমূলক দিকনির্দেশনা প্রদানের জন্য কলেজের সুযোগ্য অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর টুটুল কান্তি সাহা মহোদয়ের প্রতি রইলো আন্তরিক ধন্যবাদ ও অশেষ কৃতজ্ঞতা। বিভিন্ন কার্যক্রমে অকুণ্ঠ সমর্থন, পরামর্শ ও সহযোগিতার জন্য বিভিন্ন বিভাগের সম্মানীয় সহকর্মীদের প্রতি জ্ঞাপন করছি আন্তরিক ধন্যবাদ। সার্বিক সহযোগিতা ও নিরলস পরিশ্রম করে এ মহতী উদ্যোগটি বাস্তবায়নের জন্য ভর্তি কমিটির সদস্য জনাব মো. মঞ্জুরুল হককে জানাই আন্তরিক মোবারকবাদ।

শুধু সার্টিফিকেট অর্জন নয় প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে আলোকিত মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার মাধ্যমে ছাগলনাইয়া সরকারি কলেজে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা এক সমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণে কার্যকর ভূমিকা পালন করবে এই প্রত্যাশা রইল তাদের প্রতি।

**(নাছির উদ্দিন)**
প্রভাষক
ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী।



CamScanner

## ঐতিহাসিক পটভূমি

শমসের গাজীর বীরত্বগাঁথা ও স্মৃতিবিজড়িত ফেনী জেলার অন্তর্গত এক ঐতিহাসিক স্থান ফেনী জেলার পূর্বাঞ্চলের কেন্দ্রবিন্দু ছাগলনাইয়া।

আমাদের মহান মুক্তিসংগ্রামে উল্লেখযোগ্য অবদানসহ প্রাচীন বাংলার ইতিহাস ও ঐতিহ্যে, সংগ্রামে ও সাধনায়, বীরত্বে ও গরিমায় ছাগলনাইয়া জনপদ বর্তমানে দেশের অন্যান্য অনেক জনপদ হতে আলাদা।

ছাগলনাইয়া উপজেলার মানুষের হৃদয় লালিত স্বপ্নে ১৯৬৯ সালে গঠিত হয় ছাগলনাইয়া কলেজ সমিতি যা সমিতি নিবন্ধন আইন-১৮৬০ এর ২১ ধারার অধীনে জয়েন্ট স্টক কোম্পনী সমূহের রেজিস্টারের ১৯৬৮-১৯৬৯ সনের পত্র নং ৩২০৬/১৬৫ ই.পি এর দ্বারা নিবন্ধিত। এ সমিতি ১৯৬৯ সালের এপ্রিল মাসের ৬ তারিখে ছাগলনাইয়া কলেজ স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। কলেজ প্রতিষ্ঠার কিছু কাজ এগিয়ে যাবার পরই দেশে ১৯৭১ এর মহান স্বাধীনতা সংগ্রাম শুরু হয় এবং কলেজ প্রতিষ্ঠার কাজ পুরোপুরি বন্ধ হয়ে যায়। কলেজের পাকা ভবন নির্মানের জন্য বেশ কিছু মালামাল হানাদার বাহিনী তাদের প্রয়োজনে ব্যবহার করে ফেলে।

দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ খ্রিষ্টাব্দে উক্ত সমিতি পুনরায় কলেজ প্রতিষ্ঠার কাজ শুরু করে এবং ছাগলনাইয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ১৯৭২ সালের ১৪ই আগষ্ট তারিখে কলেজের প্রথম উচ্চ মাধ্যমিক ১ম বর্ষের ক্লাস শুরু হয়। ১৯৮৩ খ্রিষ্টাব্দে এই কলেজ ডিগ্রি মানে উন্নীত হয়। ১৯৮৮ খ্রিষ্টাব্দে তদানীন্তন সরকারের এক আদেশ বলে ১০-১২-১৯৮৮ তারিখে কলেজটি জাতীয়করণ করা হয়। বর্তমানে ফেনী জেলার অন্যতম বিদ্যাপীঠ হিসাবে এ অঞ্চলের শিক্ষাক্ষেত্রে এ প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## গুরুত্বপূর্ণ তথ্যাবলী

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠাকাল | ঃ | ১৯৭২ খ্রি. |
| পাঠদান | ঃ | উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস), অনার্স (অনুমোদিত) |
| ছাত্র-ছাত্রী | ঃ | প্রায় ৩০০০ |
| শিক্ষক সংখ্যা | ঃ | ১৭ জন |
| কর্মচারী সংখ্যা | ঃ | ১৪ জন |
| আয়তন | ঃ | ৩ একর ৮১ শতাংশ |
| একাডেমিক ভবন | ঃ | ৩টি |
| প্রশাসনিক ভবন | ঃ | ১টি |
| প্রথম অধ্যক্ষ | ঃ | জনাব এম. এ নুরুদ্দিন |
| বর্তমান অধ্যক্ষ | ঃ | জনাব প্রফেসর টুটুল কান্তি সাহা |

## ছাগলনাইয়া সরকারি কলেজ শিক্ষক/কর্মকর্তা পরিচিতি



**সোহেল আহাম্মদ সরকার**
সহযোগী অধ্যাপক
ব্যবস্থাপনা বিভাগ
০১৮১৯-১০৪২৮৪
ssarkerrbd@gmail.com



**মোহাম্মদ মোজ্জামেল হোসেন**
সহকারী অধ্যাপক
বাংলা বিভাগ
০১৭১৮-৫৯০১৯০
mozammel16259@gmail.com



**মোহাম্মদ শহিদুল করিম**
প্রভাষক
ইংরেজি বিভাগ
০১৯১৫-৫৮৬১৫৮
shahidulkarim82@gmail.com



**তামান্না রহিম**
প্রভাষক
গণিত বিভাগ
০১৭১২-৮৯৬৪৮৭
tamndu7@gmail.com



**মাহ্‌মুদা খাতুন**
প্রভাষক
রাষ্ট্রবিজ্ঞান
০১৯৫৫-১৭১৬৮৪
mahmuda.muni@gmail.com



**আশেক সরকার**
প্রভাষক
ইংরেজি বিভাগ
০১৭২৬-৪২১৯১২
asheksarker1@gmail.com



**মোঃ নাছির উদ্দীন**
প্রভাষক
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
০১৭০৭-৩৬০৮০২
cnsir2013@gmail.com



**মোঃ আবু বকর সিদ্দিক**
প্রভাষক
হিসাববিজ্ঞান বিভাগ
০১৯১৪-৯৭৬০৯১



**মোঃ আলমগীর হোসেন**
প্রভাষক
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
০১৮১২-৭০১৯৮৬
dusm.alamgir1993@gmail.com

CamScanner

# ছাগলনাইয়া সরকারি কলেজ শিক্ষক/কর্মকর্তা পরিচিতি



**মো. খালেদ আল মেহেদী**
প্রভাষক
রসায়ন বিভাগ
০১৮৪৫-১১০২৭০
khaledalmehedi95@gmail.com



**মো. সুমন মিয়া**
প্রভাষক
দর্শন বিভাগ
০১৫১৫-২৬৮৩২৬
soman03bt@gmail.com



**আব্দুল্লাহ মোঃ মাহবুব ইলাহী আজাদ**
প্রভাষক
অর্থনীতি বিভাগ
০১৮৫৮-০৬০০৬৮
azadabdullah.cu@gmail.com



**মিথুন গুপ্ত**
প্রভাষক
অর্থনীতি বিভাগ
০১৮৪২-৭৮৫৮৫৯
mithungupta134@gmail.com



**মো. মঞ্জুরুল হক**
প্রভাষক
উদ্ভিদবিদ্যা
০১৮০৫-১২৯০৮২
sayembotcu@gmail.com



**মো. মোহাইমিনুল ইসলাম**
প্রভাষক
রাষ্ট্রবিজ্ঞান
০১৮৫৩-৪৭১২৩১
mdmuhaiminulislam7@gmail.com



**শরীফুল ইসলাম**
প্রভাষক
পদার্থ বিজ্ঞান
০১৫৭১-১৪৪৩৬৩
shariful.islam.phy.ju@gmail.com



**সুশান্ত শর্মা**
অতিথি শিক্ষক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
০১৭১৭-০২৪৭২০
emon87sharma@gmail.com

# ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী



**নাজমুন নাহার**
লাইব্রেরিয়ান-কাম-কম্পিঃ অপারেটর
০১৬০৯-১০২৩৬১



**বেলায়েত হোসেন**
অফিস সহায়ক
০১৮১৭-৩৮১১০৮



**খালেদা আক্তার**
অফিস সহায়ক
০১৮১২-৮৯৮৩৯৯



**মোঃ মাসুদ হোসেন**
অফিস সহায়ক
০১৮২১-৯২৪৮৭৬



**মোঃ সাহাব উদ্দিন**
অফিস সহায়ক
০১৮১৭-৭১৬৭৬৫



**মোঃ আবদুর রহিম**
অফিস সহায়ক
০১৮৬১-৭৭২৪৫৭



**নজরুল ইসলাম**
নৈশ প্রহরী
০১৭৩১-৭৬৫৪১৭



**আকলিমা আক্তার**
পরিচ্ছন্নতা কর্মী
০১৭৬১০৩০৬৮৮



**মোমেনা আক্তার**
পরিচ্ছন্নতা কর্মী



**মোঃ নাফিজুল ইসলাম**
দিবা প্রহরী
০১৭৫০-৪৯৯৬৬৭



**অলি উল্লাহ**
দিবা প্রহরী
০১৯১৮-৩৭৭৭৯৯



**মোঃ মোমিন**
নিরাপত্তা প্রহরী ও
বাগান পরিচ্ছন্নতা কর্মী
০১৮২৫-৬৯০৬৭২



**মোঃ মেহেরাজ হোসেন**
নিরাপত্তা প্রহরী ও
বাগান পরিচ্ছন্নতা কর্মী
০১৮১২-৯০৮০১৬



**মোরশেদ হোসেন**
ল্যাব পিয়ন ও
বাগান পরিচ্ছন্নতা কর্মী
০১৮৮৫-২৭৯৫৬৫

CamScanner

# ছাত্র-ছাত্রীদের জন্য অবশ্যই পালনীয়

**১। কলেজে উপস্থিতি ঃ**

(ক) বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রতি বিষয়ে মোট অনুষ্ঠিত ক্লাসের অনূন্য ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে।

(খ) মোট অনুষ্ঠিত ক্লাসের ৬০% এর উপরে কিন্তু ৭৫% এর নীচে উপস্থিত থাকলে নন-কলেজিয়েট হিসেবে গণ্য করা হবে। এসব ছাত্র-ছাত্রী নির্দিষ্ট হারে জরিমানা প্রদান করে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) কোন ছাত্র-ছাত্রীর ক্লাসের উপস্থিতি মোট অনুষ্ঠিত ক্লাসের ৬০% এর নীচে থাকলে ডিসকলেজিয়েট হিসেবে গণ্য হবে এবং বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক চূড়ান্ত পরীক্ষায় অংশ নিতে পারবে না।

(ঘ) প্রতি বছর টার্ম/ফাইনাল পরীক্ষার আগে উপস্থিতি হিসাব করা হবে এবং প্রয়োজনীয় সংখ্যক উপস্থিতি না থাকলে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

**২। ওরিয়েন্টেশন ক্লাস ঃ**

কলেজের প্রতিটি শ্রেণিতে ভর্তিকৃত নতুন ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা বছরের শুরুতে পরিচিতিমূলক (ওরিয়েন্টেশন) ক্লাসের ব্যবস্থা রয়েছে। উক্ত ক্লাসে উপস্থিত থাকা সকল ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক।

**৩। ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট পোশাক ঃ**

কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত পোশাক রয়েছে। কোন ছাত্র-ছাত্রী কলেজের নির্ধারিত পোশাক পরে না আসলে তাকে ক্লাসসহ অন্য কোন কার্যক্রমে অংশগ্রহণ করতে দেয়া হবে না।

**ছাত্রদের জন্য নির্ধারিত পোশাক ঃ**

(ক) উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য আকাশী নীল রং এর শার্ট, কালো প্যান্ট, সুনির্দিষ্ট ব্যাজ।

(খ) ডিগ্রি ও সম্মান শ্রেণির জন্য কফি রং এর শার্ট ও কালো প্যান্ট, সুনির্দিষ্ট ব্যাজ।

**ছাত্রীদের জন্য নির্ধারিত পোশাক ঃ**

(ক) উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য নীল সালোয়ার-কামিজের উপর আকাশী নীল রং এর ফুল হাতা হাঁটু পর্যন্ত লম্বা এপ্রোন, সুনির্দিষ্ট ব্যাজ, নীল স্কার্ফ/ওড়না। বোরকা পড়লে অবশ্যই আকাশী নীল রং এর বোরকার সাথে ওড়না/নীল স্কার্ফ।

(খ) ডিগ্রি ও সম্মান শ্রেণির জন্য সালোয়ার-কামিজের উপর ফুল হাতা হাঁটু পর্যন্ত লম্বা কফি রং এর এপ্রোন, সুনির্দিষ্ট ব্যাজ, বোরকা পড়লে অবশ্যই কফি রং এর বোরকার সাথে ওড়না/স্কার্ফ।

**৪। কলেজের নিয়ম শৃঙ্খলা ঃ**

(ক) ক্লাস চলাকালে কোন ছাত্র-ছাত্রী ক্লাসে অনুপস্থিত থেকে কলেজ চত্বরে বা কলেজ গেইটের সম্মুখে অহেতুক ঘোরাফেরা করতে পারবে না।

(খ) কলেজ ক্যাম্পাসে যদি কোন ছাত্র-ছাত্রীদের শৃঙ্খলা বিরোধী কোন কাজে দেখা যায় তাহলে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) কলেজ ক্যাম্পাসে সকল ধরনের মোবাইল ফোন বহন ও ব্যবহার করা সম্পূর্ণ নিষিধ।

**৫। পরিচয়পত্র ঃ**

প্রত্যেক ছাত্র-ছাত্রীদের কলেজ অফিস থেকে সরবরাহকৃত পরিচয়পত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে।

**৬। ফি প্রসঙ্গে ঃ**

প্রত্যেক ছাত্র-ছাত্রীদের কলেজ কর্তৃপক্ষ ঘোষিত নির্দিষ্ট তারিখ অনুযায়ী তাদের বিভিন্ন ফি সোনালী ব্যাংক, ছাগলনাইয়া শাখার মাধ্যমে অবশ্যই প্রদান করতে হবে।

**৭। কলেজ অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণ ঃ**

কলেজের অভ্যন্তরীণ সকল পরীক্ষায় অংশগ্রহণ করা ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক। অসুস্থতাজনিত কারণে ক্লাস বা পরীক্ষায় অনুপস্থিতির বিষয়টি মেডিকেল সার্টিফিকেটসহ তাৎক্ষণিক অবহিত না করলে তার প্রমোশন অথবা বোর্ড/বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ বিবেচনা করা হবে না।

**৮। পরীক্ষায় ফলাফল বিবেচনা ঃ**

(ক) একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে প্রমোশনের বিষয় বিবেচনা করা হয়।

(খ) পূর্ণ পাঠ্যসূচির উপর ভিত্তি করে দ্বাদশ শ্রেণির নির্বাচিত পরীক্ষায় ফলাফলের ভিত্তি তে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হয়।

(গ) পরীক্ষায় সফলতার ভিত্তিতে উপবৃত্তি, দরিদ্র তহবিল হতে সাহায্যসহ যাবতীয় সুযোগ সুবিধা প্রদান করা হয়।

**৯। পরীক্ষায় অসুদপায় অবলম্বন প্রসঙ্গে ঃ**

কলেজের যে কোন পরীক্ষায় কোন ছাত্র-ছাত্রী অসুদপায় অবলম্বনের জন্য অভিযুক্ত হলে তাকে কলেজ থেকে বহিস্কার করা হবে।

**শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে গৃহীত পদক্ষেপ সমূহ ঃ**

**(ক) ভিজিল্যান্স টিম ঃ** কলেজের নিয়ম শৃঙ্খলা ও শিক্ষায় সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে সপ্তাহের প্রতিদিনের জন্য একটি ভিজিল্যান্স টিম রয়েছে। টিমের সদস্যগণ নির্ধারিত ক্লাস ঠিকমত হচ্ছে কিনা, ছাত্র-ছাত্রীরা ক্লাসে সময়মত উপস্থিত থাকছে কিনা তার প্রতি লক্ষ রাখেন। এছাড়া কলেজ চলাকালে কলেজ চত্বরে বা কলেজ গেটের সম্মুখে যাতে কোন অনভিপ্রেত ও অনাকাঙ্খিত ঘটনা ঘটতে না পারে তাঁরা সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখেন।

**(খ) অভিভাবকের সঙ্গে মতবিনিময় সভা ঃ** কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিভাবকের সাথে মতবিনিময়ের জন্য বিজ্ঞপ্তি মোতাবেক অভিভাবক সভা আয়োজন করে।

**(গ) ফলাফল প্রকাশ সম্পর্কিত ঃ** প্রত্যেক ছাত্র-ছাত্রীর ফলাফল কলেজের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

**১০। কলেজে বিদ্যমান সুযোগ-সুবিধা সমূহ ঃ**

**(ক) মসজিদ ঃ** মূল ভবনের পাশে মসজিদ আছে। নিয়মিত নামাজ পরিচালনার জন্য ইমাম আছেন।

**(খ) বিএনসিসি ঃ** কলেজে ছাত্র ও ছাত্রীদের জন্য বিএনসিসি কার্যক্রম চালু আছে। এর মাধ্যমে একজন চৌকস ক্যাডেটের বিভিন্ন বাহিনীতে যোগদানে কোটা সুবিধা ভোগ করা সহ সেবামূলক কাজে অংশগ্রহণের সুযোগ রয়েছে।

**(গ) রোভার স্কাউট ঃ** কলেজে রোভার স্কাউটের কার্যক্রম চালু রয়েছে। আগ্রহী ছাত্র-ছাত্রীরা এতে অংশগ্রহণ করে নিজেরা সেবামূলক কাজে আত্মনিয়োগ করতে পারে।

**(ঘ) রেড ক্রিসেন্ট ঃ** আত্মমানবতার সেবায় নিয়োজিত আছেন কলেজের রেড ক্রিসেন্ট ইউনিটের কার্যক্রম।

**(ঙ) ডিবেটিং ক্লাব ঃ** ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশের স্বার্থে কলেজে একটি ডিবেটিং ক্লাব রয়েছে।

**(চ) ল্যাংগুয়েজ ক্লাব ঃ** ছাত্র-ছাত্রীদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির জন্য কলেজে একটি ল্যাঙ্গুয়েজ ক্লাব রয়েছে।

**(ছ) ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম ঃ** কলেজের নিজস্ব মাঠে অত্যন্ত আনন্দঘন পরিবেশে শিক্ষক-শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**(জ) বৃত্তি ও ফ্রি স্টুডেন্টশীপ ঃ** কলেজের উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী বোর্ড/বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে মেধানুসারে সরকারি বৃত্তি পেয়ে থাকে। এছাড়া মেধা, আর্থিক অবস্থা, পাঠোন্নতি, সদাচার ইত্যাদি বিবেচনা করে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রীদের কলেজ থেকে বৃত্তি প্রদানের ব্যবস্থা আছে। ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ব্যাংক, জেলা পরিষদ, বৌদ্ধ ছাত্র সংসদ এবং বানী-অর্চনা সংসদ বৃত্তি প্রদান করা হয়ে থাকে।

**(ঝ) দরিদ্র তহবিল ঃ** দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের দরিদ্র তহবিল থেকে সহায়তা প্রদান করা হয়ে থাকে।

CamScanner

## উচ্চমাধ্যমিক শ্রেণির পাঠ্য বিষয় সমূহ

| | বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|---|
| আবশ্যিক বিষয় | ১। বাংলা (১০১, ১০২)<br>২। ইংরেজি (১০৭, ১০৮)<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)<br>৪। পদার্থ বিজ্ঞান (১৭৪, ১৭৫)<br>৫। রসায়ন (১৭৬, ১৭৭) | ১। বাংলা (১০১, ১০২)<br>২। ইংরেজি (১০৭, ১০৮)<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)<br>৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)<br>৫। পৌরনীতি (২৬৯, ২৭০) | ১। বাংলা (১০১, ১০২)<br>২। ইংরেজি (১০৭, ১০৮)<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)<br>৪। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮)<br>৫। হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) |
| নৈর্ব্যচনিক/ ঐচ্ছিক বিষয় | ১। জীববিজ্ঞান (১৭৮, ১৮৯)<br>২। উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) | ১। অর্থনীতি (১০৯, ২৭০)<br>২। যুক্তিবিদ্যা (১২১, ১২২) | ১। অর্থনীতি (১০৯, ২৭০)<br>২। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩) |

## একাডেমিক ক্যালেন্ডার

একাদশ শ্রেণির নবীন-বরণ : ৩০ সেপ্টেম্বর, ২০২৫

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষা আরম্ভের সম্ভাব্য তারিখ |
|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ফেব্রুয়ারি ২০২৬ (২য় সপ্তাহ) |
| | বার্ষিক | জুন ২০২৬ (১ম সপ্তাহ) |
| দ্বাদশ | প্রাক নির্বাচনী পরীক্ষা | অক্টোবর ২০২৬ (২য় সপ্তাহ) |
| | নির্বাচনী পরীক্ষা | ফেব্রুয়ারি ২০২৭ (২য় সপ্তাহ) |

### বিষয় : বাংলা ১ম পত্র, বিষয় কোড : ১০১

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ-বার্ষিক | গদ্য : বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন, অপরিচিতা বিলাসী, সাহিত্যে খেলা, অর্ধাঙ্গী, যৌবনের গান<br>কবিতা : বিভীষণের প্রতি মেঘনাদ, সোনার তরী, বিদ্রোহী প্রতিদান, তাহারেই পড়ে মনে, আঠারো বছর বয়স<br>উপন্যাস : লালসালু (ভূমিকাংশসহ আমেনা বিবির তালাকপ্রাপ্তা হয়ে বাবার বাড়িতে যাওয়ার ঘটনা পর্যন্ত)<br>নাটক : সিরাজউদ্দৌলা (প্রথাম ও দ্বিতীয় অঙ্ক) | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | ১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

### বিষয় : বাংলা ২য় পত্র, বিষয় কোড : ১০২

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ | প্রাক্-নির্বাচনী পরীক্ষা | ১। ব্যাকরণ : বাংলা উচ্চাণ, শব্দগঠন (উপসর্গ, প্রত্যয়, সমাস) বাংলা বানানের নিয়ম, ব্যাকরণিক শব্দ শ্রেণি, বাক্য-প্রকরণ<br>২। পারিভাষিক শব্দ,<br>৩। ভাষণ/প্রতিবেদন<br>৪। বৈদ্যুতিক চিঠি/ক্ষুদেবার্তা<br>৫। সারাংশ/সারমর্ম<br>৬। সংলাপ রচনা, প্রবন্ধ<br>দ্রষ্টব্য : ২০১৮ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত সকল বোর্ডপ্রশ্ন অনুসরণ যোগ্য। | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

### বিষয় ঃ ইংরেজি ১ম পত্র, বিষয় কোড-১০৭

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | **Text Book Unit 1 to 5 (MCQ & open ended questions, flow chart)**<br>* Paragraph, E-mail<br>* Article, Right Form of Verbs, Preposition | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | **Text Book : Whole Book**<br>All the items from syllabus.<br>( paragraph, Informal letter/Email, Analyzing graph & chart, Appreciating short story or poem | ১০০ |

### বিষয় ঃ ইংরেজি ২য় পত্র, বিষয় কোড-১০৮

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ<br>দ্বাদশ | অর্ধ বার্ষিক পরীক্ষা | **Pert-A (Grammar)-60 Marks**<br>* Article * Prepositions * Completing Sentences using Phrases/Words * Right form of verbs * Speech * Completing Sentences * Pronoun Referencing * Modifiers * Sentence Connectors * Use of Synonym and Antonym * Punctuation<br>**Pert-B Composition-40 Marks**<br>Writing formal Letter * Writing E-mail * Writing Report * Writing Paragraph * Writing Composition | ১০০ |
| | নির্বাচনী পরীক্ষা | Full Syllabus * Each test will be of 100 marks taking every topic from the syllabus. | ১০০ |

### বিষয় ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিষয় কোড-২৭৫

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত<br>৩য় অধ্যায় ঃ সংখ্যা পদ্ধতি ও ডিজিটাল ডিভাইস | ৭৫ |
| | বার্ষিক পরীক্ষা | ১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস (১ম, ৩য়, ৫ম অধ্যায়) | ৭৫ |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ২য়, ৪র্থ, ৬ষ্ঠ অধ্যায় | ৭৫ |
| | নির্বাচনী পরীক্ষা | ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ অধ্যায়ের সম্পূর্ণ সিলেবাস। | |
| | দ্রষ্টব্য ঃ নির্বাচনী পরীক্ষায় একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষার সিলেবাস ও অন্তর্ভূক্ত থাকবে। | | |

### বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র, বিষয় কোড-২৭৫

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ পৌরনীতি ও সুশাসন পরিচিতি<br>২য় অধ্যায় ঃ সুশাসন<br>৩য় অধ্যায় ঃ মূল্যবোধ, আইন, স্বাধীনতা ও সাম্য<br>৪র্থ অধ্যায় ঃ ই-গভনেন্স ও সুশাসন<br>৫ম অধ্যায় ঃ নাগরিক অধিকার ও কর্তব্য এবং মানবাধিকার<br>৬ষ্ঠ অধ্যায় ঃ রাজনৈতিক দল, নেতৃত্ব ও সুশাসন | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ<br>১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

CS CamScanner

**বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র, বিষয় কোড-২৭০**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ ব্রিটিশ ভারতে প্রতিনিধিত্বশীল সরকারের বিকাশ<br>২য় অধ্যায় ঃ পাকিস্তান থেকে বাংলাদেশ (১৯৪৭-১৯৭১)<br>৩য় অধ্যায় ঃ রাজনৈতিক ব্যক্তিত্ব ঃ বাংলাদেশের স্বাধীনতা অর্জন<br>৪র্থ অধ্যায় ঃ বাংলাদেশের সংবিধান<br>৫ম অধ্যায় ঃ বাংলাদেশের সরকার ও প্রশাসনিক কাঠামো<br>৬ষ্ঠ অধ্যায় ঃ স্থানীয় শাসন<br>৭ম অধ্যায় ঃ সাংবিধানিক প্রতিষ্ঠান | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

**বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র, বিষয় কোড-২৬৭**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ প্রাক ইসলামি আরব<br>২য় অধ্যায় ঃ হযরত মুহাম্মদ (সঃ) (৫৭০-৬৩২খ্রিঃ)<br>৩য় অধ্যায় ঃ খোলাফায়ে রাশেদিন<br>৪র্থ অধ্যায় ঃ উমাইয়া খেলাফত | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | ৫ম অধ্যায় ঃ আব্বাসীয় খেলাফত<br>৬ষ্ঠ অধ্যায় ঃ স্পেনে উমাইয়া শাসন<br>৭ম অধ্যায় ঃ উত্তর আফ্রিকায় ফাতেমি খেলাফত<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ১০০ |

**বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র, বিষয় কোড-২৬৮**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা<br>২য় অধ্যায় ঃ দিল্লী সালাতানাত যুগ (১২০৬-১৫২৬ খ্রিঃ)<br>৩য় অধ্যায় ঃ ভারতীয় উপমহাদেশে মুঘল শাসন (১৫২৬-১৮৫৮ খ্রিঃ)<br>৪র্থ অধ্যায় ঃ বাংলায় কোম্পানী ও ঔপনিবেশিক শাসন | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

**বিষয় ঃ অর্থনীতি ১ম পত্র, বিষয় কোড-১০৯**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ মৌলিক অর্থনৈতিক সমস্যা এবং এর সমাধান<br>২য় অধ্যায় ঃ ভোক্তা ও উৎপাদকের আচরণ<br>৩য় অধ্যায় ঃ উৎপাদন, উৎপাদন ব্যয় ও আয়<br>৪র্থ অধ্যায় ঃ বাজার<br>৫ম অধ্যায় ঃ শ্রম বাজার<br>৭ম অধ্যায় ঃ সংগঠন<br>৮ম অধ্যায় ঃ খাজনা | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ<br>১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |





**বিষয় ঃ অর্থনীতি ২য় পত্র, বিষয় কোড-১১০**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ বাংলাদেশ অর্থনীতি পরিচয়<br>২য় অধ্যায় ঃ বাংলাদেশ কৃষি<br>৩য় অধ্যায় ঃ বাংলাদেশ শিল্প<br>৪র্থ অধ্যায় ঃ জনসংখ্যা, মানব সম্পদ এবং আত্মকর্মসংস্থান<br>৬ষ্ঠ অধ্যায় ঃ অর্থায়ন<br>৭ম অধ্যায় ঃ সংগঠন<br>৮ম অধ্যায় ঃ খাজনা | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ ১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

**বিষয় ঃ যুক্তিবিদ্যা ১ম পত্র, বিষয় কোড-১২১**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ যুক্তিবিদ্যা পরিচিতি<br>২য় অধ্যায় ঃ যুক্তিবিদ্যার প্রায়োগিক দিক<br>৩য় অধ্যায় ঃ যুক্তির উপাদান<br>৪র্থ অধ্যায় ঃ বিধেয়ক | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | ৫ম অধ্যায় ঃ অনুমান<br>৬ষ্ঠ অধ্যায় ঃ অবরোহ অনুমান<br>৭ম অধ্যায় ঃ আরোহ অনুমান ও আরোহ অনুমানের ভিত্তি<br>৮ম অধ্যায় ঃ প্রতীক যুক্তিবিদ্যা<br>(প্রথম সাময়িক পরীক্ষার অধ্যায়গুলো অন্তভুক্ত থাকবে)<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ১০০ |

**বিষয় ঃ যুক্তিবিদ্যা ২য় পত্র, বিষয় কোড-১২২**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ যৌক্তিক সংজ্ঞা<br>২য় অধ্যায় ঃ যৌক্তিক বিভাগ<br>৩য় অধ্যায় ঃ আরোহের প্রকারভেদ<br>৪র্থ অধ্যায় ঃ প্রকল্প<br>৫ম অধ্যায় ঃ কার্যকারণ সম্পর্ক প্রমাণ পদ্ধতি | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

**বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র, বিষয় কোড-২৭৭**

| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
|---|---|---|---|
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ ব্যবসায়ের মৌলিক ধারণা<br>২য় অধ্যায় ঃ ব্যবসায় পরিবেশ<br>৩য় অধ্যায় ঃ একমালিকানা ব্যবসায়<br>৪র্থ অধ্যায় ঃ অংশীদারী ব্যবসায়<br>৫ম অধ্যায় ঃ যৌথমূলধনী ব্যবসায়<br>৬ষ্ঠ অধ্যায় ঃ সমবায় সমিতি | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | ৭ম অধ্যায় ঃ রাষ্ট্রীয় ব্যবসায়<br>৮ম অধ্যায় ঃ ব্যবসায়ের আইনগত পরিবেশ<br>৯ম অধ্যায় ঃ ব্যবসায়ের সহায়ক সেবা<br>১০ম অধ্যায় ঃ ব্যবসায় উদ্যোগ<br>১১শ অধ্যায় ঃ ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার<br>১২শ অধ্যায় ঃ ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ১০০ |



CS CamScanner

| বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র, বিষয় কোড-২৭৮ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ ব্যবস্থাপনার ধারণা<br>২য় অধ্যায় ঃ ব্যবস্থাপনার নীতি<br>৩য় অধ্যায় ঃ পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ<br>৪র্থ অধ্যায় ঃ সংগঠিতকরণ<br>৫ম অধ্যায় ঃ কর্মীসংস্থান<br>৬ষ্ঠ অধ্যায় ঃ নেতৃত্ব | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

| বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (১ম পত্র), বিষয় কোড-২৯২ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় : অর্থায়নের সূচনা<br>২য় অধ্যায় : আর্থিক বাজারের আইনগত দিকসমূহ<br>৩য় অধ্যায় : অর্থের সময়মূল্য<br>৪র্থ অধ্যায় : আর্থিক বিশ্লেষণ<br>৫ম অধ্যায় : স্বল্প ও মধ্যমেয়াদী অর্থায়ন<br>৯ম অধ্যায় : দীর্ঘমেয়াদী অর্থায়ন | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ<br>১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

| বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২য় পত্র), বিষয় কোড-২৯৩ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় : ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা<br>২য় অধ্যায় : কেন্দ্রীয় ব্যাংক<br>৩য় অধ্যায় : বাণিজ্যিক ব্যাংক<br>৪র্থ অধ্যায় : ব্যাংক হিসাব<br>৫ম অধ্যায় : হস্তান্তরযোগ্য ঋণের দলিল<br>৬ষ্ঠ অধ্যায় : চেক, বিনিময় বিল ও অঙ্গীকারপত্র<br>৭ম অধ্যায় : ব্যাংক তহবিলের উৎস ও ব্যবহার | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

| বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র, বিষয় কোড-২৫৩ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ হিসাব বিজ্ঞান পরিচিতি<br>২য় অধ্যায় ঃ হিসাবের বইসমূহ<br>৩য় অধ্যায় ঃ ব্যাংক সমন্বয় বিবরণী<br>৪র্থ অধ্যায় ঃ রেওয়ামিল<br>৫ম অধ্যায় ঃ হিসাববিজ্ঞান নীতিমালা<br>৯ম অধ্যায় ঃ আর্থিক বিবরণী | ১০০ |
| | বার্ষিক পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ<br>১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

| বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র, বিষয় কোড-২৫৪ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ অব্যবসায়ী প্রতিষ্ঠানের হিসাব<br>২য় অধ্যায় ঃ অংশীদারী ব্যবসায়ের হিসাব<br>৩য় অধ্যায় ঃ নগদ প্রবাহ বিবরণী<br>৪র্থ অধ্যায় ঃ যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী<br>৫ম অধ্যায় ঃ যৌথমূলধনী কোম্পানির আর্থিক<br>৬ষ্ঠ অধ্যায় ঃ আর্থিক বিবরণী বিশ্লেষণ<br>৭ম অধ্যায় ঃ উৎপাদন ব্যয় হিসাব | ১০০ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | অর্ধ বার্ষিক পরীক্ষার অন্তর্গত অধ্যায়সমূহ সহ ১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ১০০ |

| বিষয় ঃ পদার্থ বিজ্ঞান ১ম পত্র, বিষয় কোড-১৭৪ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ ভৌত জগত ও পরিমাপ<br>২য় অধ্যায় ঃ ভেক্টর<br>৩য় অধ্যায় ঃ গতিবিদ্যা<br>৪র্থ অধ্যায় ঃ নিউটনিয়ান বলবিদ্যা<br>৫ম অধ্যায় ঃ কাজ শক্তি ও ক্ষমতা<br>১০ম অধ্যায় ঃ আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব | ৭৫ |
| | বার্ষিক পরীক্ষা | ৬ষ্ঠ অধ্যায় ঃ মহাকর্ষ ও অভিকর্ষ<br>৮ম অধ্যায় ঃ পর্যাবৃত্তিক গতি<br>৭ম অধ্যায় ঃ পদার্থের গাঠনিক ধর্ম<br>৯ম অধ্যায় ঃ তরঙ্গ<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ৭৫ |

| বিষয় ঃ পদার্থ বিজ্ঞান ২য় পত্র, বিষয় কোড-১৭৫ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ তাপগতিবিদ্যা<br>২য় অধ্যায় ঃ স্থির তড়িৎ<br>৩য় অধ্যায় ঃ চল তড়িৎ<br>৮ম অধ্যায় ঃ আধুনিক পদার্থ বিজ্ঞানের সূচনা<br>৯ম অধ্যায় ঃ পরমানুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থ বিজ্ঞান | ৭৫ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ৭৫ |

| বিষয় ঃ রসায়ন ১ম পত্র, বিষয় কোড-১৭৬ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ ল্যাবরেটরির নিরাপদ ব্যবহার<br>২য় অধ্যায় ঃ গুণগত রসায়ন<br>৩য় অধ্যায় ঃ মৌলের পর্যায়বৃত্তি ধর্ম ও রাসায়নিক বন্ধন | ৭৫ |
| | বার্ষিক পরীক্ষা | ৪র্থ অধ্যায় ঃ রাসায়নিক পরিবর্তন<br>৫ম অধ্যায় ঃ কর্মমূখী রসায়ন<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ৭৫ |

CamScanner

| বিষয় ঃ রসায়ন ২য় পত্র, বিষয় কোড-১৭৭ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ পরিবেশ রসায়ন<br>২য় অধ্যায় ঃ জৈব রসায়ন<br>৩য় অধ্যায় ঃ পরিমানগত রসায়ন | ৭৫ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | ২য় বর্ষের সম্পূর্ণ সিলেবাস | ৭৫ |

| বিষয় ঃ উচ্চতর গণিত ১ম পত্র, বিষয় কোড-২৬৫ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | ১ম অধ্যায় ঃ ম্যাট্রিক্স ও নির্ণায়ক<br>২য় অধ্যায় ঃ ভেক্টর<br>৩য় অধ্যায় ঃ সরলরেখা<br>৬ষ্ঠ অধ্যায় ঃ ত্রিকোণমিতি<br>৯ম অধ্যায় ঃ আন্তরীকরণ | ৭৫ |
| | বার্ষিক পরীক্ষা | ৪র্থ অধ্যায় ঃ বৃত্ত<br>৫ম অধ্যায় ঃ বিন্যাস ও সমাবেশ<br>৭ম অধ্যায় ঃ সংযুক্ত কোণের ত্রিকোণমিতি অনুপাতে<br>৮ম অধ্যায় ঃ ফাংশন ও ফাংশনের লেখাচিত্র<br>১০ম অধ্যায় ঃ যোগজীকরণ | ৭৫ |

| বিষয় ঃ উচ্চতর গণিত ২য় পত্র, বিষয় কোড-২৬৬ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | ১ম অধ্যায় ঃ বাস্তব সংখ্যা<br>২য় অধ্যায় ঃ যোগাশ্রয়ী প্রোগ্রাম<br>৩য় অধ্যায় ঃ জটিল সংখ্যা<br>৬ষ্ঠ অধ্যায় ঃ পরাবৃত্ত ও উপবৃত্ত<br>৭ম অধ্যায় ঃ বিপরীত ত্রিকোণমিতি ফাংশন ও ত্রিকোনমিতিক সমীকরণ<br>৮ম অধ্যায় ঃ স্থিতিবিদ্যা | ৭৫ |
| | নির্বাচনী পরীক্ষা | ৪র্থ অধ্যায় ঃ বহুপদী ও বহুপদী সমীকরণ<br>৫ম অধ্যায় ঃ দ্বিপদী বিস্তৃতি<br>৬ষ্ঠ অধ্যায় ঃ অধিবৃত্ত<br>প্রাক-নির্বাচনী পুনরালোচনা<br>৯ম অধ্যায় ঃ সমতলে বস্তুকণার গতি<br>১০ম অধ্যায় ঃ বিস্তার পরিমাপ ও সম্ভাবনা ও সম্পূর্ণ বই | ৭৫ |

| বিষয় ঃ জীববিজ্ঞান ১ম পত্র, বিষয় কোড-১৭৮ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| একাদশ | অর্ধ বার্ষিক | জীব বিজ্ঞান ১ম পত্র ঃ (উদ্ভিদ বিদ্যা)<br>১ম অধ্যায় ঃ কোষ ও এর গঠন<br>২য় অধ্যায় ঃ কোষ বিভাজন<br>৩য় অধ্যায় ঃ কোষ রসায়ন<br>৪র্থ অধ্যায় ঃ অনুজীব : ভাইরাস ও ব্যাক্টেরিয়া<br>৫ম অধ্যায় ঃ শৈবাল ও ছত্রাক<br>৬ষ্ঠ অধ্যায় ঃ ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা | ৭৫ |
| | বার্ষিক পরীক্ষা | ৭ম অধ্যায় ঃ নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ<br>৮ম অধ্যায় ঃ টিস্যু ও টিস্যুতন্ত্র ।<br>৯ম অধ্যায় ঃ শরীর তত্ত্ব<br>১০ম অধ্যায় ঃ উদ্ভিদ প্রজনন<br>একাদশ অধ্যায় ঃ জীব প্রযুক্তি<br>দ্বাদশ অধ্যায় ঃ জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ<br>উপরের অধ্যায়সহ (১ম বর্ষের সম্পূর্ণ সিলেবাস) | ৭৫ |

| বিষয় ঃ জীববিজ্ঞান ২য় পত্র, বিষয় কোড-১৭৯ | | | |
|---|---|---|---|
| শ্রেণি | পরীক্ষার ধরন | পরীক্ষার অন্তর্গত বিষয়/অধ্যায়সমূহ | মোট নম্বর |
| দ্বাদশ | প্রাক-নির্বাচনী পরীক্ষা | জীব বিজ্ঞান ২য় পত্র ঃ (প্রাণী বিদ্যা)<br>১ম অধ্যায় ঃ প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস<br>২য় অধ্যায় ঃ প্রাণীর পরিচিতি-হাইড্রা, ঘাসফড়িং ও রুই মাছ<br>৩য় অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: পরিপাক ও শোষন<br>৪র্থ অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: রক্ত সংবহন<br>৫ম অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: শ্বসন ও শ্বাসক্রিয়া<br>৬ষ্ঠ অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: বর্জ্য ও নিষ্কাশন<br>৭ম অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: চলন ও অঙ্গ চালনা<br>৮ম অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: সমন্বয় ও নিয়ন্ত্রণ<br>৯ম অধ্যায় ঃ মানব শরীরতত্ত্ব: মানব জীবনের ধারাবাহিকতা | ৭৫ |
| দ্বাদশ | নির্বাচনী পরীক্ষা | জীব বিজ্ঞান ২য় পত্র ঃ (প্রাণী বিদ্যা)<br>১০ম অধ্যায় ঃ মানবদেহের প্রতিরক্ষা<br>একাদশ অধ্যায় ঃ জীনতত্ত্ব ও বিবর্তন<br>দ্বাদশ অধ্যায় ঃ প্রাণীর আচরণ<br>বিঃদ্রঃ নির্বাচনী পরীক্ষায় দ্বাদশ শ্রেণির পূর্ণ সিলেবাস অন্তর্ভূক্ত থাকবে । | ৭৫ |

CS CamScanner

# ছুটির তালিকা ২০২৫ খ্রি.

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ০১ | *শব-ই-মিরাজ | ২৮ জানুয়ারি ২০২৫, মঙ্গলবার | ১৪ মাঘ ১৪৩১ | ০১ |
| ০২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ০৩ ফেব্রুয়ারি ২০২৫, সোমবার | ২০ মাঘ ১৪৩১ | ০১ |
| ০৩ | *মাঘী পূর্ণিমা | ১১ ফেব্রুয়ারি ২০২৫, মঙ্গলবার | ২৮ মাঘ ১৪৩১ | ০১ |
| ০৪ | *শব-ই-বরাত | ১৫ ফেব্রুয়ারি ২০২৫, শনিবার | ০২ ফাল্গুন ১৪৩১ | ০০ |
| ০৫ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি ২০২৫, শুক্রবার | ০৮ ফাল্গুন ১৪৩১ | ০০ |
| ০৬ | শ্রীশ্রী শিবরাত্রি ব্রত | ২৬ ফেব্রুয়ারি ২০২৫, বুধবার | ১৩ ফাল্গুন ১৪৩১ | ০১ |
| ০৭ | *পবিত্র রমজান, শুভ দোলযাত্রা (১৪ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), *জুমাতুল-বিদা (২৮ মার্চ), *জুমাতুল-বিদা (২৮ মার্চ), * শব-ই-ক্বদর, (২৮ মার্চ), ঈদ-উল ফিতর (৩১ মার্চ) | ০২ মার্চ ২০২৫, রবিবার থেকে ০৮ এপ্রিল ২০২৫, মঙ্গলবার পর্যন্ত | ১৭ ফাল্গুন ১৪৩১ থেকে ২৫ চৈত্র ১৪৩১ পর্যন্ত | ২৮ |
| ০৮ | বৈসাবি | ২২ এপ্রিল ২০২৫, শনিবার | ২৯ চৈত্র ১৪৩১ | ০০ |
| ০৯ | নববর্ষ | ১৪ এপ্রিল ২০২৫, সোমাবার | ০১ বৈশাখ ১৪৩২ | ০১ |
| ১০ | ইস্টার সানডে | ২০ এপ্রিল ২০২৫, রবিবার | ০৭ বৈশাখ ১৪৩২ | ০১ |
| ১১ | মে দিবস | ০১ মে ২০২৫, বৃহস্পতিবার | ১৮ বৈশাখ ১৪৩২ | ০১ |
| ১২ | *বুদ্ধ পূর্ণিমা বৈশাখী পূর্ণিমা) | ১১ মে ২০২৫ রবিবার | ২৮ বৈশাখ ১৪৩২ | ০১ |
| ১৩ | *পবিত্র ঈদ-উল-আযহা (০৭ জুন) গ্রীষ্মকালীন অবকাশ | ০১ জুন ২০২৫, রবিবার থেকে ১৯ জুন ২০২৫, বৃহস্পবার পর্যন্ত | ২৮ জ্যৈষ্ঠ ১৪৩২ থেকে ০৫ আষাঢ় ১৪৩২ পর্যন্ত | ১৫ |
| ১৪ | *আশুরা | ০৬ জুলাই ২০২৫, রবিবার | ২২ আষাঢ় ১৪৩২ | ০১ |
| ১৫ | শুভ জন্মাষ্টমী | ১৬ আগস্ট ২০২৫, শনিবার | ০১ ভাদ্র ১৪৩২ | ০০ |
| ১৬ | *আখেরী চাহার সোম্বা | ২০ আগস্ট ২০২৫, বুধবার | ০৫ ভাদ্র ১৪৩২ | ০১ |
| ১৭ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | ০৫ সেপ্টেম্বর ২০২৫,শুক্রবার | ২১ ভাদ্র ১৪৩২ | ০০ |
| ১৮ | দুর্গপূজা (বিজয়া দশমী ২ অক্টোবার *ফাতেহা-ই-ইয়াজ দাহম (৪ অক্টোবর) দাহম (৪ অক্টোবর), প্রবারণা পূর্ণিমা (৫ অক্টোবর), শ্রীশ্রী লক্ষ্মীপূজা (৬ অক্টোবর) | ২৮ সেপ্টেম্বর ২০২৫, রবিবার থেকে ৭ অক্টোবর, মঙ্গলবার পর্যন্ত | ১৩ আশ্বিন ১৪৩২ থেকে ২২ আশ্বিন ১৪৩২ পর্যন্ত | ০৮ |
| ১৯ | শ্রীশ্রী শ্যামাপূজা | ২০ অক্টোবর ২০২৫, সোমাবার | ৪ কার্তিক ১৪৩২ | ০১ |
| ২০ | শীতকালীন অবকাশ, বিজয় দিবস (১৬ ডিসেম্বর) এবং যিশু খ্রিষ্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৪ ডিসেম্বর ২০২৫, রবিবার থেকে ২৮ ডিসেম্বর ২০২৫, রবিবার পর্যন্ত | ২৯ অগ্রহায়ণ ১৪৩২ থেকে ১৩ পৌষ ১৪৩২ পর্যন্ত | ১১ |
| ২১ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ |
| | | সাপ্তাহিক ছুটি ব্যতীত | মোট- | ৭৬ দিন |

*(* চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল) বিঃদ্রঃ- সপ্তাহে শুক্রবার ও শনিবার ০২ (দুই) দিন ছুটি থাকবে।*





# একাডেমিক ক্যালেন্ডার ২০২৪-২৫
## ব্যক্তিগত তথ্যাবলী

নাম :

পিতার নাম :

মাতার নাম :

শ্রেণি :

রোল নং :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

রক্তের গ্রুপ :

জরুরী মোবাইল নম্বর :



CamScanner

## সাপ্তাহিক ক্লাস রুটিন

| বার | শ্রেণি | বিভাগ/বর্ষ | ১ম ১০.০০-১০.৪০ | ২য় ১০.৪০-১১.২০ | ৩য় ১১.২০-১২.০০ | ৪র্থ ১২.০০-১২.৪০ | ৫ম ১২.৪০-০১.২০ |
|---|---|---|---|---|---|---|---|
| রবিবার | একাদশ | মানবিক | ICT | পৌরণীতি | অর্থনীতি | ইসলাম ও ইতিহাস | ইংরেজি |
| | | ব্যবসায় শিক্ষা | ইংরেজি | ICT | | হিসাব বিজ্ঞান | বাংলা |
| | | বিজ্ঞান | | | পদার্থ | গণিত | রসায়ন |
| | দ্বাদশ | মানবিক | অর্থনীতি | ইসলাম ও ইতিহাস | ICT | ইংরেজি | যুক্তিবিদ্যা |
| | | ব্যবসায় শিক্ষা | | ব্যবসায় সংগঠন | | | হিসাব বিজ্ঞান |
| | | বিজ্ঞান | প্রাণিবিদ্যা | রসায়ন | | | গণিত |
| সোমবার | একাদশ | মানবিক | ইংরেজি | যুক্তিবিদ্যা | পৌরণীতি | ইসলাম ও ইতিহাস | বাংলা |
| | | ব্যবসায় শিক্ষা | হিসাব বিজ্ঞান | বাংলা | ব্যবসায় সংগঠন | ইংরেজি | ফিন্যান্স |
| | | বিজ্ঞান | পদার্থ | | গণিত | | উদ্ভিদ |
| | দ্বাদশ | মানবিক | ইসলাম ও ইতিহাস | ইংরেজী | অর্থনীতি | ICT | পৌরণীতি |
| | | ব্যবসায় শিক্ষা | ব্যবসায় সংগঠন | | | | হিসাব বিজ্ঞান |
| | | বিজ্ঞান | প্রাণি | | রসায়ন | | পদার্থ |
| মঙ্গলবার | একাদশ | মানবিক | পৌরণীতি | অর্থনীতি | ICT | ইসলাম ও ইতিহাস | যুক্তিবিদ্যা |
| | | ব্যবসায় শিক্ষা | ফিন্যান্স | | ইংরেজী | হিসাব বিজ্ঞান | ICT |
| | | বিজ্ঞান | পদার্থ | উদ্ভিদ | | রসায়ন | |
| | দ্বাদশ | মানবিক | যুক্তিবিদ্যা | বাংলা | অর্থনীতি | পৌরণীতি | ইসলাম ও ইতিহাস |
| | | ব্যবসায় শিক্ষা | হিসাব বিজ্ঞান | | | ব্যবসায় সংগঠন | ফিন্যান্স |
| | | বিজ্ঞান | প্রাণী | | পদার্থ | গণিত | রসায়ন |
| বুধবার | একাদশ | মানবিক | ইংরেজী | ইসলাম ও ইতিহাস | বাংলা | ICT | যুক্তবিদ্যা |
| | | ব্যবসায় শিক্ষা | অর্থনীতি | | ব্যবসায় সংগঠন | | ফিন্যান্স |
| | | বিজ্ঞান | গণিত | | পদার্থ | উদ্ভিদ | রসায়ন |
| | দ্বাদশ | মানবিক | বাংলা | ICT | পৌরণীতি | যুক্তবিদ্যা | অর্থনীতি |
| | | ব্যবসায় শিক্ষা | | | হিসাব বিজ্ঞান | ফিন্যান্স | |
| | | বিজ্ঞান | | | প্রাণী | পদার্থ | গণিত |
| বৃহস্পতি | একাদশ | মানবিক | পৌরণীতি | বাংলা | যুক্তবিদ্যা | ইংরেজী | অর্থনীতি |
| | | ব্যবসায় শিক্ষা | ইংরেজী | ফিন্যান্স | বাংলা | হিসাব বিজ্ঞান | |
| | | বিজ্ঞান | | রসায়ন | | উদ্ভিদ | গণিত |
| | দ্বাদশ | মানবিক | বাংলা | ইংরেজী | ইসলাম ও ইতিহাস | যুক্তবিদ্যা | পৌরণীতি |
| | | ব্যবসায় শিক্ষা | | | হিসাব বিজ্ঞান | ব্যবসায় সংগঠন | ফিন্যান্স |
| | | বিজ্ঞান | | | রসায়ন | গণিত | পদার্থ |

## ২০০৫ সালে স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে অ্যাপলের প্রতিষ্ঠাতা স্টিভ জবস্ প্রদত্ত কালজয়ী বক্তৃতা :

আজ তোমাদের সামনে হাজির হতে পেরে বড় গৌরব হচ্ছে আমার! পৃথিবীর সবচেয়ে চমৎকার বিশ্ববিদ্যালয় গুলোর একটির ছাত্র তোমরা। মজার ব্যাপার হলো আমি নিজে কখনো কলেজের পাটও চুকোতে পারিনি! আজ এই আনন্দের দিনে কোন জ্ঞানগর্ভ বক্তৃতা দেওয়ার ইচ্ছা নেই আমার।

আমি যে আসলে জীবনে কি করতে চাই সেটাই ভেবে পাইনি। কলেজের পড়ালেখা বিরাট যন্ত্রণা, এই আপদ বয়ে বেড়ানোর কোন মানে দেখলাম না। হুট করে সিদ্ধান্ত নিলাম ড্রপ আউট হয়ে যাই! ঠান্ডা মাথায় ভাবতে গেলে নিজেকে বেকুব মনে হওয়ার কথা। কিন্তু আমার কেন যেন অনুভব হলো একদম ঠিক কাজ করেছি! মন যদি নাই টেকে কেন তবে ঝুলে থেকে খামাখা নিজেকে কষ্ট দেওয়া? সুতরাং কয়দিন পর দেখা গেল আমি মহানন্দে ক্লাস করা ছেড়ে দিয়ে ঘুরে বেড়াচ্ছি ক্যাম্পাসে! বিভিন্ন ডিপার্টমেন্টে ঘুরাঘুরি করি, যখন যেই ক্লাস ইন্টারেস্টিং লাগে সেখানে ঢুঁ মেরে আসি। ব্যাপারটা কাগজে কলমে খুব বিপ্লবী শোনাচ্ছে, কিন্তু বাস্তবে রোমান্টিসিজমের ছিটেফোঁটাও ছিল না! যেহেতু আমি আর ছাত্র না, সুতরাং কোন রুম পেলাম না। সারাদিন দৌড়াদৌড়ি করে রাতে বন্ধুদের রুমের মেঝেতে মরার মত ঘুমাই। পকেটে কোন পয়সা নাই, কাউকে কিছু বলতেও পারি না লজ্জায়। ক্ষিধেয় চোখে অন্ধকার দেখি। কোকের বোতল কুড়িয়ে ফেরত দিলে পাঁচ সেন্ট করে দেয়, আমি এই কাজ করে খাওয়ার খরচ জোটানো শুরু দিলাম। প্রতি রবিবার সাত মাইল হেঁটে হরে কৃষ্ণ মন্দিরে যেতাম, সেখানে মুফতে বড় ভাল খাবার মিলতো সেদিন!

কলেজে হঠাৎ একবার ক্যালিগ্রাফি কোর্স চালু হলো। যেহেতু কোন কাজ নেই, ভর্তি হলাম ক্যালিগ্রাফি কোর্সে। সারাদিন এটা নিয়েই পড়ে থাকি। টাইপোগ্রাফির যত খুঁটিনাটি, বিভিন্ন রকম ফন্ট, কালির ব্যবহার আরো কত কী শিখলাম। আমি বিজ্ঞানের মানুষ, শিল্পের এই প্রগাঢ় সৌন্দর্যের জগৎ আমাকে বিমোহিত করলো। শিল্পের প্রতি আমার জন্ম নিল গভীর আবেগ। এই তুচ্ছ ক্যালিগ্রাফি কোর্স আমার জীবনে কোন কাজে লাগার কথা না। কিন্তু বছর দশেক পর একটা দারুণ ব্যাপার ঘটলো! আমরা যখন প্রথম ম্যাক কম্পিউটার ডিজাইন করছিলাম, তখন আমার মনে ভীড় করলো সেই কলেজ জীবনে ক্লাস বাদ দিয়ে শেখা ক্যালিগ্রাফি কোর্সের কথা। দেখা গেল এতদিন পরেও কিছুই ভুলিনি, সব ঠিকঠাক মনে আছে! আমরা পরম মমতায় ম্যাক কম্পিউটারকে সাজালাম অসম্ভব সুন্দর সব টাইপোগ্রাফি দিয়ে।

একবার ভেবে দেখো তো, আমি যদি সেদিন ড্রপ আউট হয়ে এই ক্যালিগ্রাফি না শিখতাম, তাহলে ম্যাক কম্পিউটারে আগের খটোমটো ডিজাইনই থেকে যেতো। আর উইন্ডোজও যেহেতু আমাদের ডিজাইন চোখ বুঁজে মেরে দিয়েছে (!), সুতরাং বলাই যায়, সেদিনের সেই পাগলামিটা না করলে আজ পৃথিবীর কোথাও কম্পিউটারে এমন মন জুড়ানো টাইপোগ্রাফি হয়তো থাকতো না!

আমি যখন ক্যালিগ্রাফি শিখলাম, তখন কি আদৌ জানতাম আমার এই জ্ঞান একদিন পৃথিবী বদলে দেবে? এটাই হচ্ছে জীবনের আনন্দ। তুমি যখন কিছু শেখো, নতুন কিছু করো, ক্লাসের পড়ালেখার বাইরেও বিভিন্ন কাজে অংশ নাও, মনে হতে পারে এসব করে কী হবে?! কিন্তু দশ বছর পর যখন স্মৃতির পাতা উল্টাবে, তখন দেখবে এই টুকরো টুকরো পরিশ্রমগুলোর কি সুন্দর এক সুতোয় বাঁধুনি হয়েছে তোমার জীবনে! সুতরাং তুমি যাই কিছু করো না কেন, বিশ্বাস রেখো সবসময় নিজের উপর। একদিন তারায় তারায় রটিয়ে দেবে তোমার গল্প, এই অসম্ভব দৃঢ় বিশ্বাসটাই দেখবে বদলে দেবে জীবন চিরদিনের জন্য! জীবনে মাঝেমধ্যে এমন সব ঘটনা ঘটবে যে মাথায় আকাশ ভেঙে পড়বে তোমার। কিন্তু হাল না ছাড়লেই দেখবে সবকিছু নতুন করে আরো সুন্দর হয়ে উঠছে! জীবনের রংধনু আরো বর্ণিল হয়ে দেখা দিচ্ছে তোমার কাছে!

ভালবাসার জায়গাটি খুঁজে পাওয়ার চেয়ে সুন্দর আর কিছু হয়না। জীবনের নেশাই হয়ে উঠুক পেশা। ম্যাড় ম্যাড়ে ছাপোষা একটা জীবন কাটানোর কোন মানে হয়? জীবন এত সস্তা না। তোমার মাঝে যেই ছাইচাপা বারুদ আছে, সেটাকে বের করে আনো। জ্বালিয়ে দাও পৃথিবী ভালবাসার উচ্ছ্বাসে। মহৎ কিছু করো, পৃথিবীর যে বড় প্রয়োজন তোমাকে।

জগৎটাকে ঘুরে দেখো, উপলব্ধি করো জীবনের মানে। দেখবে, আপনা থেকেই অনুভব করবে কোন কিছুর প্রতি একটা তীব্র আবেগ। যে স্বপ্নের তাড়নায় ছুটে চলা যায় হাজার বছর অটল পরিশ্রমে। কাজের মধ্যেই ভালবাসা, কাজের মধ্যেই জীবন। জীবন্মৃতের মতো বেঁচে থাকার প্রশ্নই উঠে না। তোমার ভালবাসার নক্ষত্রটি খুঁজে বের করো। হাল ছেড়ো না। কক্ষনো না। "মরে তো একদিন যাবোই!" এই কথাটা মাথায় থাকলে জীবনের কঠিন সিদ্ধান্ত গুলো নেওয়াও একদম জলের মত সহজ হয়ে যায়। জীবনটাকে আসলে আমরা অনেক জটিল করে তুলি। মৃত্যু তো একদিন আসবেই! চারপাশের মানুষের প্রত্যাশা, গর্ব, হেরে যাওয়ার ভয়- এই জঞ্জালগুলো আমাদের মাথায় বোঝা হয়ে চেপে বসে। অথচ এগুলো কত তুচ্ছ একেকটা বিষয়! একশ বছর পর কেউ মনে রাখবে না তুমি ক্লাস নাইনে একটা পরীক্ষায় খারাপ করেছিলে! মৃত্যু আছে বলেই জীবনটাকে আমি অনেক সহজভাবে নিতে পারি। পৃথিবীতে এসেছিলাম একদম নগ্ন হয়ে। ফিরেও যেতে হবে তেমনি খালি হাতে। হারানোর কিছুই নেই আমাদের। তাহলে কেন খামাখা মানুষের প্রত্যাশার চাপ বয়ে বেড়ানো? তোমার হৃদয় যা বলে, মন যা চায়, সেটাই তো সবচেয়ে গুরুত্বপূর্ণ! মৃত্যু আমাদের সবার শেষ গন্তব্য। আমার মনে হয় কি, প্রকৃতির সবচেয়ে চমৎকার উদ্ভাবন এই মৃত্যু! প্রকৃতি একঘেয়েমি পছন্দ করে না। সে পুরনোদের সরিয়েদেয় নতুনের আবাহনে।

আজ পৃথিবী তোমাদের, সামনে প্রাণচাঞ্চল্যে ভরপুর উজ্জ্বল ভবিষ্যৎ। কিন্তু দেখতে দেখতে একদিন তোমরাও বুড়িয়ে যাবে, প্রকৃতি মুছে দেবে তোমাদের কোলাহল। ব্যাপারটা যদিও খুব নাটকীয় শোনাচ্ছে, কিন্তু এটাই যে বাস্তবতা!

আমাদের জীবনটা কত ছোট, কত মূল্যবান! সারা পৃথিবী ঘেঁটে তোমার মত ঠিক আরেকটা তুমি কোথাও পাওয়া যাবে না! এই জীবনটা অন্যদের মত হতে চেয়ে কেন নষ্ট করবে! লোকে কি বললো, কি ভাবলো সেটা নিয়ে ভাবার কোন মানে হয়? এই যে তোমার বুকের ভেতর একটা স্বপ্নের বীজ, সেটাকে বাড়তে দাও। ডালপালা মেলতে দাও। ছড়িয়ে দাও তোমার স্বপ্ন! বিশ্বাস করো, তোমার ভেতরের স্বপ্নটাকে অনুসরণ করে কখনো ঠকবে না। সে কিভাবে যেন সবসময় আগে থেকেই জানে আমাদের জন্য কোনটা সবচেয়ে ভাল! সেই তোমাকে পথ দেখাবে অন্ধকারে। উড়িয়ে দেবে বিজয়ে নিশান। তোমাদের সামনে এক নতুন দিগন্ত। এগিয়ে যাও নবীন প্রাণের উচ্ছ্বাসে।

CS CamScanner




উচ্চমাধ্যমিক পরীক্ষা-২০২৫ এর পরীক্ষার্থীদের বিদায় উপলক্ষে বার্ষিক মিলাদ ও দোয়া মাহফিল




বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ এর খন্ডচিত্র




তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বিতর্ক প্রতিযোগিতা




একটি অভ্যুথান, একাধিক পাঠ–ইতিহাসের মুখোমুখি একটি দিন




প্রযুক্তির আলোয় শিক্ষার অগ্রযাত্রা-কলেজের সু-সজ্জিত আইসিটি রুম



মাদক বিরোধী সচেতনতামূলক অনুষ্ঠানে উপস্থিত শিক্ষকবৃন্দ, সংশ্লিষ্ট কূর্তপক্ষ ও শিক্ষার্থী



CamScanner